



গণপরিবহন ঈদে স্বাভাবিক, যাত্রী স্বাচ্ছন্দ্যে বাড়ি ফিরছেন: সড়ক মন্ত্রী



সড়কমন্ত্রী শেখ রবিউল। ছবি: সংগৃহীত

সড়ক পরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম জানিয়েছেন, ১৫ মার্চ থেকে গণপরিবহনে পর্যাপ্ত জ্বালানি সরবরাহ নিশ্চিত করা হয়েছে। কোনো ঘাটতি নেই, আর সব রুটে যাত্রীরা আরামদায়ক পরিবেশে গন্তব্যে পৌঁছাচ্ছেন। কিছু সময় অল্প চাপ থাকলেও তা নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে।

গাবতলী বাস টার্মিনাল পরিদর্শনের সময় মন্ত্রী জানান, নির্ধারিত ভাড়া কার্যকর রাখতে পুলিশ, ভিজিল্যান্স ও র্যাবের কন্ট্রোল রুম সক্রিয় রয়েছে। অভিযোগ খুব কম, ভাড়া ঠিক রাখা হচ্ছে এবং যেকোনো অভিযোগ দ্রুত সমাধান করা হচ্ছে। বাসগুলো ঈদযাত্রার সময়সূচি অনুযায়ী ছাড়ছে, আর যাত্রীরা কোনো ধরনের হররানির সম্মুখীন হচ্ছেন না।

তিনি আরও বলেন, অতিরিক্ত ভাড়া নেওয়ার জন্য নবীনগর ও বাইপাইলে একটি পরিবহনকে ১০ হাজার টাকা, চট্টগ্রাম রোডে দুই পরিবহনকে ৮ হাজার ৬০০ টাকা জরিমানা করা হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর তৎপরতায় সব রুটে যান চলাচল স্বাভাবিক এবং যাত্রীরা নিরাপদে ভ্রমণ করছেন।

মন্ত্রী সতর্ক করেছেন যে, কিছু পরিবহন নিজেরাই বিভিন্ন স্থানে সাব-কাউন্টার চালু করেছে, যা শৃঙ্খলার জন্য ঠিক নয়। ঈদের পর এসব কাউন্টার নির্দিষ্ট বাস কাউন্টারে স্থানান্তর করতে মালিকদের সময় দেওয়া হবে এবং বিষয়টি মনিটর করা হবে।